

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
সাধারণ শাখা
www.sylhet.gov.bd

প্রেস রিলিজ

তারিখ: ২২ ডিসেম্বর ২০১৯

জাতীয় গ্রন্থকেন্দ্র এর উদ্যোগে, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সার্বিক সহযোগিতায় এবং সিলেট জেলা প্রশাসনের ব্যবস্থাপনায় আগামী ২৩ হতে ২৯ ডিসেম্বর ২০১৯ তারিখ সিলেট সরকারি আলিয়া মাদ্রাসা মাঠে ৭ দিনব্যাপী সিলেট বিভাগীয় বই মেলা ২০১৯ অনুষ্ঠিত হবে। মেলা প্রতিদিন বিকাল ৩.০০ ঘটিকা হতে রাত ৮.০০ ঘটিকা পর্যন্ত চলবে।

২৩ ডিসেম্বর বিকাল ৩.০০ টায় উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে মেলার শুভ উদ্বোধন করবেন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটির প্রধান সমন্বয়ক ড. কামাল আবদুল নাসের চৌধুরী। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, পিএএ, কমিশনার, সিলেট বিভাগ, সিলেট। অনুষ্ঠানের সভাপতিত্ব করবেন সিলেটের জেলা প্রশাসক জনাব এম কাজী এমদাদুল ইসলাম।

৭ দিনব্যাপী চলমান এ মেলায় প্রতিদিন জাতীয় পর্যায়ের লেখক, সাহিত্যিক, কবি ও উপন্যাসিকগণ উপস্থিত থাকবেন। মেলায় ঢাকা থেকে আগত ২৮টি এবং স্থানীয় ১৪টি টি প্রকাশনা প্রতিষ্ঠান তাদের স্টলে দুর্লভ ও গুরুত্বপূর্ণ বইসমূহ প্রদর্শন ও বিক্রয়ের জন্য উন্মুক্ত রাখবে। মেলা উপলক্ষে স্কুল-কলেজের শিক্ষার্থীদের অংশগ্রহণে কুইজ, বিতর্ক প্রতিযোগিতা, সেমিনার, মুক্তিযুদ্ধ বিষয়ক চলচ্চিত্র, মুক্তিযোদ্ধার মুখে মুক্তিযুদ্ধের কথা, চিরঞ্জিব বঙ্গবন্ধু, জন্মশতবর্ষে তরুণদের ভাবনায় বঙ্গবন্ধু বিষয়ক আলোচনা এবং মুক্তিযুদ্ধ বিষয়ক কবিতা আবৃত্তির আয়োজন করা হবে। এছাড়া আইইএলটিএস প্রশিক্ষণ, ফি মেডিকেল ক্যাম্পসহ প্রতিদিন সন্ধ্যায় দর্শনার্থীদের জন্য থাকবে সিলেটের খ্যাতনামা শিল্পীদের অংশগ্রহণে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান।

মোঃ আসলাম উদ্দিন
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
সিলেট।

ফোন: ০৮২১-৭১৭৭৪৭
E-mail: generalsection304@gmail.com